

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
সার্ক ও বিমস্টেক অনুবিভাগ  
বিমস্টেক শাখা  
ঢাকা

নং- এমএফএ/বিমস্টেক/১১২/০২২

তারিখঃ ১৫ মার্চ ২০১৭

প্রেরক : মোঃ জসীম উদ্দিন  
সহকারী সচিব (বিমস্টেক)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : মিজ্ ইসরাত জাহান  
পরিচালক (সার্ক ও বিমস্টেক)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ২২-২৩ মার্চ ২০১৭ তারিখে মিয়ানমারের ইয়াংগুনে অনুষ্ঠিতব্য “7<sup>th</sup> Meeting of the BIMSTEC Sub Group on Legal and Law Enforcement Issues” এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যোগদানের জন্য মিজ্ ইসরাত জাহান, পরিচালক (সার্ক ও বিমস্টেক)-এর মিয়ানমার সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে

জনাব,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ২২-২৩ মার্চ ২০১৭ তারিখে মিয়ানমারের ইয়াংগুনে অনুষ্ঠিতব্য “7<sup>th</sup> Meeting of the BIMSTEC Sub Group on Legal and Law Enforcement Issues”- এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যোগদানের জন্য আপনার অনুকূলে সরকারি প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবে :

- উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকাল সহ) সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- আলোচ্য সভায় যোগদানের যাবতীয় খরচ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থবছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে বিকলন করা হবে;
- উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ২১ মার্চ ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে ঢাকা ত্যাগ করবেন এবং ২৪ মার্চ ২০১৭ বা তার নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;
- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। জনস্বার্থে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ জসীম উদ্দিন)

সহকারী সচিব (বিমস্টেক)

ফোনঃ ৯৫৭১১৭৭, ফ্যাক্সঃ ৯৫৫৫২৮৩

E-mail: asbimstec@mofa.gov.bd

তারিখঃ ১৫ মার্চ ২০১৭

নং- এমএফএ/বিমস্টেক/১১২/০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক (প্রশাসন/ সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। প্রধান হিসাবরক্ষন কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা(ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। অফিস কপি।

(মোঃ জসীম উদ্দিন)

সহকারী সচিব (বিমস্টেক)